

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩২৫২

88/ তাফসীরুল কুরআন (ﷺ) পরিচ্ছেদঃ ৪৪. সূরা আশ-শূরা (হা-মীম-'আইন সীন কাফ)

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا عَمْرُو بْنُ عَاصِمٍ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ الْوَازِعِ، حَدَّثَنِي شَيْخٌ، مِنْ بَنِي مُرَّةَ قَالَ قَدِمْتُ الْكُوفَةَ فَأُخْبِرْتُ عَنْ بِلاَلِ بْنِ أَبِي بُرْدَةَ، فَقُلْتُ إِنَّ فِيهِ لَمُعْتَبَرًا فَأَتَيْتُهُ وَهُوَ مَحْبُوسٌ فِي دَارِهِ الَّتِي قَدْ كَانَ بَنَى قَالَ وَإِذَا كُلُّ شَيْءٍ مِنْهُ قَدْ تَغَيَّرَ مِنَ الْعَذَابِ وَالضَّرْبِ وَإِذَا هُوَ فِي قُشَاشٍ فَقُلْتُ الْحَمْدُ لِلَّهِ يَا بِلاَلُ لَقَدْ رَأَيْتُكَ وَأَنْتَ تَمُرُّ بِنَا الْعَذَابِ وَالضَّرْبِ وَإِذَا هُو فِي قُشَاشٍ فَقُلْتُ الْحَمْدُ لِلَّهِ يَا بِلاَلُ لَقَدْ رَأَيْتُكَ وَأَنْتَ تَمُرُّ بِنَا تُمْسِكُ بِأَنْفِكَ مِنْ غَيْرِ غُبَارٍ وَأَنْتَ فِي حَالِكَ هَذَا الْيَوْمَ فَقَالَ مِمَّنْ أَنْتَ فَقُلْتُ مِنْ بَنِي تُمْسِكُ بِأَنْفِكَ مِنْ غَيْرِ غُبَارٍ وَأَنْتَ فِي حَالِكَ هَذَا الْيَوْمَ فَقَالَ مِمَّنْ أَنْتَ فَقُلْتُ مِنْ بَنِي مُرَّةً بْنِ عَبَادٍ . فَقَالَ أَلاَ أُحَدَّتُكَ حَدِيثًا عَسَى اللَّهُ أَنْ يَنْفَعَكَ بِهِ قُلْتُ هَاتٍ . قَالَ حَدَّثِنِي مُرَّةً بْنِ عَبَادٍ . فَقَالَ أَلاَ أُحَدِّتُكَ حَدِيثًا عَسَى اللَّهُ صَلى الله عليه وسلم قَالَ " لاَ يُصِيبُ مُوسَى أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " لاَ يُصِيبُ عَبْدُ أَبِي مُوسَى أَنَّ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم قَالَ " لاَ يُصِيبُ عَبْدُ أَيْ رُبُ وَمَا يَعْفُو اللَّهُ عَنْهُ أَكْرُ " . قَالَ وَقَرَأً : (وما غَرْدَةُ مِنْ مُصِيبَةٍ فَبِمَا كَسَبَتْ أَيْدِيكُمْ وَيَعْفُو عَنْ كَثِيرٍ) . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَ مِنْ هُذَا الْوَجْهِ .

বাংলা

৩২৫২। মুররা গোত্রের কোন এক লোক হতে বর্ণিত আছে, তিনি বলেনঃ একদা আমি কৃফায় পৌঁছে বিলাল ইবনু আবূ বুরদা প্রসঙ্গে অবহিত হলাম। আমি বললাম, তার এ শোকাভূত অবস্থাতে অবশ্যই কোন শিক্ষণীয় বিষয় আছে। তারপর আমি তার নিকটে আসলাম এবং তিনি ছিলেন তার নিজ তৈরী ঘরে বন্দি। তার সমস্ত মালসামান মারপিট ও নির্যাতনের ফলে পরিবর্তিত (উলেট-পালোট) হয়ে আছে। তার পরনের পোশাক ছিল ছিন্নভিন্ন।

আমি বললাম, আলহামদুলিল্লাহ', হে বিলাল! আমি তোমাকে দেখেছি যে, তুমি আমাদের সামনে দিয়ে ধুলোবালি না থাকা সত্ত্বেও নাক চেপে চলে যেতে। আর আজ তোমার এ অসহায় অবস্থা! সে বলল, আপনি কোন গোত্রের লোক? আমি বললাম, মুররা ইবন আব্বাদ গোত্রের।

এবার তিনি বললেন, আমি কি আপনার নিকট একটি হাদীস বর্ণনা করব না, যার দ্বারা আশা করা যায় আল্লাহ তা'আলা আপনাকে উপকৃত করবেন? আমি বললাম, হ্যাঁ শুনাও সে হাদীস।



তিনি বললেন, আবৃ বুরদা তার পিতা আবৃ মূসা (রাঃ)-এর সূত্রে এ হাদীস আমার নিকটে বর্ণনা করেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কোন বান্দার উপর ছোট-বড় যে কোন মুসিবতই আসে তা তার পাপের জন্যই আসে। আর আল্লাহ তা'আলা অনেক পাপই মাফ করে দেন। তিনি বললেন, তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ আয়াত পাঠ করেনঃ "আর যেসব বিপদ-আপদ তোমাদের উপর আপতিত হয়, তা তো তোমাদের স্বহস্তার্জিত কর্মেরই কারণে এবং অনেক পাপ তো তিনি ক্ষমা করে দেন।" (সূরাঃ আশ-শূরা-ত০)

সনদ দুর্বল

আবূ ঈসা বলেনঃ এ হাদীসটি গারীব। আমরা শুধু উপরোক্ত সনদসূত্রেই এ হাদীস জেনেছি।

English

Narrated 'Ubaidullah bin Al-Wazi':

"A Shaikh from Banu Murrah narrated to me, he said: 'I arrived in Al-Kufah and was informed about Bilal bin Abi Burdah so I said: "Indeed there is a lesson in him" so I went to him while he was imprisoned in his home, which he had built.' He said: 'After everything that had happened to him he had changed due to the punishment and the beatings, and now he was living in isolation. So I said: "All praise is due to Allah O Bilal! I have seen you passing you by us holding your nose, and it was not from the dust! And today you are in this state.' So he said: 'Where are you from?' I said: 'From Banu Murrah bin 'Abbad.' So he said: 'Shall I not narrate a Hadith to you, perhaps Allah will benefit you by it?' I said: 'Go ahead.' He said: 'My father, Abu Burdah narrated from his father Abu Musa, that the Messenger of Allah () said: "No worshiper suffers a calamity nor what is worse than that or less, except due to a sin, and what Allah pardons as a result of it is more." He (Abu Musa) said: "And he recited: And whatever misfortune befalls you, it is because of what your hands have earned (42:30)."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন